দৈনিক ইত্তেফাক

DEC. 28 2001

তারিখ ... ... ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

# আগামীকাল ছাত্রশিবিরের কেন্দ্রীয় সদস্য সম্মেলন শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামীকাল শনিবার থেকে শুরু হচ্ছে ছাত্রশিবিরের দুইদিনব্যাপী কেন্দ্রীয় সদস্য সম্মেলন। এ উপলক্ষে গতকাল জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে ছাত্রশিবির সভাপতি নূরুল ইসলাম বুলবুল বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে পরিকল্পিত সন্ত্রাস সৃষ্টির মাধ্যমে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নস্যাৎ করা একটি আন্তর্জাতিক চক্রান্তের অংশ। আমাদেরকে যোগ্য নেতৃত্বশূন্য করে দেয়া এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশের অভাব সৃষ্টি করে মেধাবী ছাত্রদেরকে পড়াশোনার জন্য বিদেশ যেতে বাধ্য করা হচ্ছে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাবেক সভাপতি এহসানুল মাহবুব যোবায়ের, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এফএম সাজাহান, শাহীন প্রমুখ। পল্টন ময়দানে সম্মেলনে সারাদেশের মোট ১২শ' সদস্য অংশ নেবে বলে জানানো হয়।